



জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (BLAST) এর মধ্যে চুক্তি



৩০ জানুয়ারি, ২০১৯-বুধবার সকাল ১১ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ লিগ্যাল এইড ও সার্ভিসেস ট্রাস্ট (BLAST) এর মধ্যে 'PROMOTING RIGHTS THROUGH INCLUSION AND EMPOWERMENT(PRI:TiE)' বিষয়ক প্রকল্প বাস্তবায়নের জন্য চুক্তি স্বাক্ষর উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এসময় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উপস্থিত ছিলেন। বাংলাদেশ লিগ্যাল এইড ও সার্ভিসেস ট্রাস্ট (BLAST) এর পক্ষে প্রধান লিগ্যাল এডভাইজার নিজামুল হক নাসিম এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানগণ এবং শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য বাংলাদেশ লিগ্যাল এইড ও সার্ভিসেস ট্রাস্ট (BLAST) এর কর্মপরিধির মধ্যে রয়েছে প্রেম, জীবন ও আইন বিষয়ক সেশন, Anonymous (বেনামী) কেস গবেষণা প্রদর্শনী, শর্ট ফিল্ম প্রদর্শনী, ইকুয়ালিটি ফেলোশিপ, বিতর্ক প্রতিযোগিতা, জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার বিষয়ক ট্রেনিং, আইন বিষয়ক শর্ট কোর্স, এক্সপোজার ভিজিটস ইত্যাদি কার্যক্রম, চুক্তির মধ্যেও অন্তর্ভুক্ত রয়েছে।